
West Bengal Board

Previous Year Question Papers



Download PDF

View Online For Free

Managed by aglasem.com

PHILOSOPHY
(New Syllabus)
2023

Total Time : 3 Hours 15 minutes] [Total Marks : 80

- *परिमित एवं यथायथ उत्तरेर जन्य विशेष मूल्य देওয়া হবে । বর্ণাশুদ্ধি, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে । উপান্তে প্রশ্নের পূর্ণমান সূচিত আছে ।*
- ***Special credit will be given for answers which are brief and to the point. Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting. Figures in the margin indicate full marks for the questions.***
- *संक्षिप्त तथा बिंदुवार (सटीक) उत्तर के लिए विशेष अंक दिया जायेगा। वर्तनी अशुद्धि, अव्यवस्थित तथा खराब लिखावट के मामले में अंक काटा जायेगा। उपांत के अंक पूर्णांक के द्योतक हैं।*

- এই প্রশ্নপুস্তিকাটির পৃষ্ঠা সংখ্যা **32.**
- এই প্রশ্নপুস্তিকাটি ত্রিভাষিক — বাংলা, ইংরাজী এবং হিন্দী। যদি কোনো ক্ষেত্রে সন্দেহ বা বিভ্রান্তির সৃষ্টি হয়, সেক্ষেত্রে ইংরাজী ভাষাই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- প্রদত্ত নির্দেশ অনুসারে প্রশ্নের উত্তর দাও। মূল উত্তরপত্রেই কেবল প্রশ্নের উত্তর দিতে হবে, অন্যত্র নয়।

ভাষান্তর/Versions /भाषा	পৃষ্ঠা থেকে/From Page/पृष्ठ से	পৃষ্ঠা পর্যন্ত /To Page/पृष्ठ तक
বাংলা/Bengali/बांग्ला	3	12
ইংরাজী/English/अंग्रेजी	13	22
হিন্দী/Hindi /हिन्दी	23	31

- এই প্রশ্নপুস্তিকার ২ নং পৃষ্ঠায় প্রদত্ত হিন্দী এবং ইংরাজী নির্দেশাবলী পড়ো।
- **READ THE INSTRUCTIONS IN HINDI & ENGLISH AT PAGE NO. 2 OF THIS QUESTION BOOKLET.**
- **प्रश्न पुस्तिका के पृष्ठ 2 पर दिये गये हिन्दी तथा अंग्रेजी में निर्देशों को पढ़ें।**

বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলীর (MCQ) এবং সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলীর (SAQ) উত্তর, উত্তরপত্রে প্রদত্ত নির্দিষ্ট ছাপানো TABLE-এ লিখতে হবে।

(বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলী)

1. বিকল্পগুলির মধ্যে থেকে সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো : $1 \times 24 = 24$

(i) অবরোহ যুক্তির আলোচ্য বিষয় হলো যুক্তির

(a) আকারগত বৈধতা (b) বস্তুগত সত্যতা

(c) সামান্যীকরণ (d) আরোহমূলক লাফ।

(ii) 'Logos' শব্দটির অর্থ হলো

(a) অনুমান (b) চিন্তা

(c) সংবেদন (d) বচন।

(iii) অনুমান যখন ভাষায় প্রকাশিত হয় তখন তাকে বলা হয়

(a) কল্পনা (b) অনুভূতি

(c) সংবেদন (d) যুক্তি।

(iv) একটি নিরপেক্ষ বচনের অংশ হল —

(a) দুটি (b) তিনটি

(c) চারটি (d) পাঁচটি।

(v) বিধেয় পদ ব্যাপ্য হয় ..... বচনে।

(a) সামান্য (b) বিশেষ

(c) সদর্থক (d) নঞর্থক।

(vi) সাবেকী বিরোধিতার বর্গক্ষেত্র অনুসারে যদি 'A' বচন মিথ্যা হয় তবে একই উদ্দেশ্য ও বিধেয় যুক্ত 'E' বচনের সত্যমূল্য হবে

(a) সত্য (b) মিথ্যা

(c) সংশয়াত্মক (d) অনিশ্চিত।

(vii) একই উদ্দেশ্য ও বিধেয় বিশিষ্ট বিশেষ সদর্থক এবং বিশেষ নঞর্থক বচনের মধ্যে বিরোধিতার সম্বন্ধ হল

(a) বিপরীত বিরোধিতা (b) বিরুদ্ধ বিরোধিতা

(c) অসম বিরোধিতা (d) অধীন বিপরীত বিরোধিতা।

(viii) নিরপেক্ষ ন্যায়ের ..... সংস্থানে, হেতু পদ সর্বদাই উভয় আশ্রয়বাক্যের বিধেয় স্থানে থাকে।

(a) প্রথম (b) দ্বিতীয়

(c) তৃতীয় (d) চতুর্থ।

(ix) ''কোনো বৈধ নিরপেক্ষ ন্যায় অনুমানের সিদ্ধান্তে সাধ্য পদ ব্যাপ্য হলে তাকে অবশ্যই সাধ্য আশ্রয়বাক্যে ব্যাপ্য হতেই হবে।'' — এই নিয়মটি লঙ্ঘন করতে যে দোষ হয় তা হল

(a) অবৈধ পক্ষ দোষ (b) অব্যাপ্য পক্ষ দোষ

(c) অবৈধ সাধ্য দোষ (d) অব্যাপ্য সাধ্য দোষ।

(x) মিশ্র প্রাকল্পিক ন্যায়ে দ্বিতীয় আশ্রয়বাক্যটি হল একটি —

(a) নিরপেক্ষ বচন (b) প্রাকল্পিক বচন

(c) বৈকল্পিক বচন (d) কোনোটিই নয়।

(xi) বৈকল্পিক নিরপেক্ষ ন্যায়ের (অবিসংবাদী) একটি বিকল্পকে অস্বীকার করে অপর বিকল্পকে স্বীকার করলে যে যুক্তির আকারটি হয়, তা হল —

(a) H.S. (b) M.T.

(c) M.P. (d) D.S.

(xii) 'কোনো কোনো অ-S নয় P।' — বচনটির বুলীয় ভাষ্য হল


(a) $SP = O$ (b) $\overline{S}\,\overline{P} \neq O$


(c) $SP \neq O$ (d) $S\,\overline{P} \neq O$

(xiii) 'S'-অশূন্য বা সাত্ত্বিক শ্রেণীর ভেনচিত্রটি হলো

(a) 

(b) 

(c) 

(d) 

(xiv) $p \equiv \sim p$ –এই বচনাকারটি

(a) স্বতঃসত্য (b) স্বতঃমিথ্যা

(c) অনিশ্চিত (d) কোনোটিই নয়।

(xv) কোনো সত্যাপেক্ষক যৌগিক বচনের সত্যমূল্য নির্ভর করে

(a) শুধুমাত্র অঙ্গবচনের উপর

(b) শুধুমাত্র যোজকের উপর

(c) অঙ্গবচন ও যোজকের উপর

(d) এদের কোনোটিই নয়।

(xvi) যদি $p \vee q$ মিথ্যা হয় তবে $p \equiv q$ -এর সত্যমূল্য হবে —

(a) অনিশ্চিত (b) মিথ্যা

(c) সত্য (d) স্ব-বিরোধী।

(xvii) আরোহ অনুমানে সামান্যীকরণের মাধ্যমে যে বচন প্রতিষ্ঠা করা হয় তা হলো

(a) সামান্য বিশ্লেষক (b) সামান্য সংশ্লেষক

(c) বিশেষ সংশ্লেষক (d) বিশেষ বিশ্লেষক।

(xviii) আমরা একটি বিশেষ সত্য থেকে আর একটি বিশেষ সত্যে উপনীত হই যে আরোহ অনুমানে তা হল —

(a) বৈজ্ঞানিক আরোহ অনুমান

(b) উপমা যুক্তি

(c) অবৈজ্ঞানিক আরোহ অনুমান

(d) এদের কোনোটিই নয়।

(xix) অপসারণ, সংজ্ঞা প্রদান ইত্যাদি হল ..... আরোহ অনুমানের অনুসৃত প্রক্রিয়া।

(a) বৈজ্ঞানিক (b) সাদৃশ্যমূলক

(c) লৌকিক (d) গাণিতিক।

(xx) বহুকারণবাদকে সমর্থন করেন

(a) অ্যারিস্টটল (b) কান্ট

(c) কোপি (d) বেইন।

(xxi) 'ক' হল 'খ'–এর পর্যাপ্ত শর্ত — এ কথার অর্থ হল

(a) যদি 'ক' ঘটে তবে 'খ' ঘটে

(b) যদি 'খ' ঘটে তবে 'ক' ঘটে

(c) যদি 'ক' না ঘটে তবে 'খ' ঘটে না

(d) যদি 'খ' না ঘটে তবে 'ক' ঘটে।

(xxii) কারণ হল

(a) সংশয়াত্মক ঘটনার সমষ্টি (b) শর্তের সমষ্টি

(c) অনিবার্য ঘটনার সমষ্টি (d) আপতিক ঘটনার সমষ্টি।

(xxiii) ..... পদ্ধতির অযথার্থ প্রয়োগ থেকে কাকতালীয় দোষ দেখা দেয়।

(a) অন্বয়ী (b) ব্যতিরেকী

(c) অন্বয়ী–ব্যতিরেকী (d) সহপরিবর্তন।

(xxiv) মিলের ..... পদ্ধতিতে কারণকে মূলতঃ পরিমাণগত দিক থেকে বিবেচনা করা হয়।

(a) অন্বয়ী (b) সহপরিবর্তন

(c) ব্যতিরেকী (d) কোনোটিই নয়।

(সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলী)

2. নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) :

$1 \times 16 = 16$

(i) যুক্তির বৈধতা বলতে কী বোঝো ?

অথবা

কোনো অবৈধ যুক্তির সিদ্ধান্ত কি সত্য হতে পারে ?

(ii) বচনের বিরোধিতা বলতে কী বোঝো ?

(iii) বিরুদ্ধ বিরোধিতার মূল শর্ত দুটি উল্লেখ করো।

অথবা

যদি 'A' বচন সত্য হয় তবে এর বিরুদ্ধ বচনের অসম বিরোধী বচনের সত্যমূল্য কী হবে ?

(iv) বিবর্তন কাকে বলে ?

অথবা

'O' বচনের বিবর্তনের আবর্তিত বচনটি কী হবে ?

(v) মিশ্র প্রাকল্পিক ন্যায়ের 'অস্বীকার সংক্রান্ত' নিয়মটি উল্লেখ করো।

অথবা

ধ্বংসমূলক প্রাকল্পিক নিরপেক্ষ ন্যায়ের (M.T.) একটি উদাহরণ দাও।

(vi) বৈকল্পিক বচনে কমপক্ষে কয়টি বিকল্প থাকে ?

(vii) 'O' বচনের বুলীয় ভাষ্য কী ?

(viii) ভেনচিত্রে দুটি পরস্পরছেদী বৃত্ত কয়টি শ্রেণিকে নির্দেশ করে ?

অথবা

ভেনচিত্রে প্রকাশ করো :

সাংবাদিকরা উপস্থিত।

(ix) '$P \vee Q$' বচনটির সত্য সারণী অঙ্কন করো।

অথবা

যদি '$P \supset Q$' মিথ্যা হয় তাহলে 'Q'-র সত্যমূল্য কী হবে ?

(x) একটি দ্বিপ্রাকল্পিক বচন কখন মিথ্যা হয় ?

(xi) উপমা যুক্তির ভিত্তি কী ?

অথবা

উত্তম উপমা যুক্তির একটি উদাহরণ দাও।

(xii) 'আরোহ সংক্রান্ত লাফ' বলতে কী বোঝো ?

(xiii) প্রকৃতির একরূপতা নীতি কী দাবী করে ?

(xiv) মিল প্রদত্ত কারণের সংজ্ঞাটি উল্লেখ করো।

(xv) পর্যাপ্ত শর্ত বলতে কী বোঝো ?

অথবা

আবশ্যিক ও পর্যাপ্ত শর্ত হিসাবে কারণের একটি দৃষ্টান্ত দাও।

(xvi) বহুকারণবাদের সমস্যা দূর করার একটি উপায় উল্লেখ করো।

(বিষয়ভিত্তিক / বর্ণনামূলক প্রশ্নাবলী)

3. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) : $8 \times 5 = 40$

(a) নিরপেক্ষ বচন বলতে কি বোঝো ? একটি উদাহরণ দিয়ে নিরপেক্ষ বচনের বিভিন্ন অংশগুলি চিহ্নিত করো। পদের ব্যাপ্যতা বলতে কি বোঝায় ? পদের ব্যাপ্যতা সংক্রান্ত সাধারণ নিয়মগুলো উল্লেখ করো। $2 + 2 + 2 + 2$

অথবা

নিম্নলিখিত বাক্যগুলিকে তর্কবিদ্যাসম্মত আকারে রূপান্তরিত করে তাদের গুণ ও পরিমাণ উল্লেখ করো : $(1 + \frac{1}{2} + \frac{1}{2}) \times 4$

(i) শতকরা ৮০ ভাগ ভারতবাসী সৎ।

(ii) টিনের তৈরী এমন কিছু নেই যা সস্তা নয়।

(iii) সৈন্যরা বিশ্বাসঘাতক নয়।

(iv) কদাচিৎ স্বার্থপর ব্যক্তিরা অপরকে সাহায্য করে।

(b) আবর্তনের সংজ্ঞা দাও। সরল ও সীমিত আবর্তনের মধ্যে পার্থক্য করো। *A, E, I, O* বচনের আবর্তনের দৃষ্টান্ত দাও। 2 + 2 + 4

অথবা

নিম্নলিখিত বাক্যগুলিকে তর্কবিদ্যাসম্মত আকারে রূপান্তরিত করে আবর্তন ও বিবর্তন করো : $(1 + \frac{1}{2} + \frac{1}{2}) \times 4$

(i) জড়বাদী হলেই চার্বাক হয় না।

(ii) কেবলমাত্র সত্যবাদীরাই সৎ।

(iii) সাধারণতঃ প্রতিবেশীরা সহানুভূতিশীল।

(iv) বৃত্ত চতুর্ভুজ নয়।

(c) নিম্নলিখিত যুক্তিগুলিকে আদর্শ আকারে রূপান্তরিত করে তাদের মূর্তি ও সংস্থান উল্লেখ করো এবং প্রত্যেকটির বৈধতা বিচার করো : 4 + 4

(i) কোনো মাছ পাখী নয় কারণ মাছেরা সরীসৃপ নয় এবং কোনো সরীসৃপ পাখী নয়।

(ii) কোনো প্রাণী দেবতা নয় কিন্তু কিছু মানুষ দেবতার মতো সুতরাং, কিছু মানুষ দেবতা নয়।

অথবা

নিম্নলিখিত বিষয়গুলি সম্পর্কে উপযুক্ত উদাহরণ সহকারে সংক্ষিপ্ত টীকা লেখো : 4 + 4

(i) অব্যাপ্য হেতু দোষ

(ii) সংক্ষিপ্ত ন্যায়।

(d) মিলের অন্বয়ী ব্যতিরেকী পদ্ধতি ব্যাখ্যা করো :

সংজ্ঞা, আকার, দৃষ্টান্ত, সুবিধা (২টি), অসুবিধা (২টি)। 1 + 2 + 1 + 2 + 2

অথবা

যখনই আইসক্রিম খাই তখনই গলায় ব্যথা হয়, সুতরাং আইসক্রিম খাওয়াই গলায় ব্যথার কারণ। — এখানে মিলের কোন্ পদ্ধতি প্রয়োগ করা হয়েছে ? পদ্ধতিটি ব্যাখ্যা করো। —

চিহ্নিতকরণ, সংজ্ঞা, আকার, সুবিধা (২টি), অসুবিধা (২টি)।

1 + 1 + 2 + 2 + 2

(e) নিচের আরোহ যুক্তিগুলি বিচার করো ও কোনো দোষ থাকলে বিচার করো :

4 + 4

(i) ছাত্রটি পরীক্ষার দিনে অসুস্থ হয়ে পড়ে এবং পরীক্ষায় অকৃতকার্য হয়। সুতরাং পরীক্ষার দিন অসুস্থ হয়ে পড়াই ছাত্রটির অকৃতকার্যতার কারণ।

(ii) পেঁচার ডাক অবশ্যই অশুভ, কেননা অগ্নিকাণ্ডের আগের দিন রাতে সকলে পেঁচার ডাক শুনেছিল।

অথবা

নিম্নলিখিতগুলির উপর সংক্ষিপ্ত টীকা লেখো : 4 + 4

(i) মন্দ উপমা যুক্তি।

(ii) সহকার্যকে কারণ হিসাবে গণ্য করা জনিত দোষ।